

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ বিতর ছালাত রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৬) ফজর ছালাতে নিয়মিত কুনৃত পড়া

অনেক মসজিদে ফজর ছালাতে নিয়মিত কুনৃত পড়া হয়। দু'আ হিসাবে 'কুনৃতে নাযেলা' না পড়ে বিতরের কুনৃত পড়া হয়। এটা আরো দুঃখজনক। কুনৃতে নাযেলা প্রত্যেক ফরয ছালাতে পড়া যায়। সে অনুযায়ী ফজর ছালাতেও পড়বে।[1] কিন্তু নির্দিষ্ট করে নিয়মিত শুধু ফজর ছালাতে পড়া যাবে না। কারণ এর পক্ষে যতগুলো হাদীছ বর্ণিত হয়েছে সবই যঈফ। যেমন-

(أ) عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ مَا زَالَ رَسُوْلُ اللهِ يَقْنُتُ فِي الْفَجْرِ حَتَّى فَارَقَ الدُّنْيَا.

(ক) আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) মৃত্যু পর্যন্ত ফজরের ছালাতে কুনূত পড়েছেন।[2]

তাহকীক: বর্ণনাটি যঈফ। উক্ত বর্ণনার সনদে আবু জা'ফর রাযী নামে একজন মুযতারাব রাবী আছে। সে বিভিন্ন সময়ে বিভিন্ন রকম বর্ণনা করেছে।[3]

(ب) عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ نَهَى رَسُوْلُ اللهِ عَنِ الْقُنُوْتِ فِي الْفَجْرِ.

খে) উন্মু সালামা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) ফজরের ছালাতে কুনূত পড়তে নিষেধ করেছেন।[4] তাহকীক: বর্ণনাটি জাল। ইমাম দারাকুৎনী বলেন, মুহাম্মাদ ইবনু ইয়ালী, আমবাসা ও আব্দুল াহ ইবনু নাফে সকলেই যঈফ। উন্মে সালামা থেকে নাফের শ্রবণ সঠিক নয়।[5] ইবনু মাঈন বলেন, সে হাদীছ জাল করত। ইবনু হিববান বলেন, সে জাল হাদীছ বর্ণনাকারী। যেগুলোর কোন ভিত্তি নেই।[6] অতি বাড়াবাড়ি করে উক্ত হাদীছ জাল করে নিষেধের দলীল তৈরি করা হয়েছে।

অতএব ফজর ছালাতে নিয়মিত কুনূত পড়া থেকে বিরত থাকতে হবে। নিয়মিত পড়াটা ছাহাবীদের চোখেই বিদ'আত বলে গণ্য হয়েছে। যেমন-

عَنْ أَبِيْ مَالِكِ الْأَشْجَعِيِّ قَالَ قُلْتُ لأَبِيْ يَا أَبَةِ إِنَّكَ قَدْ صَلَّيْتَ خَلْفَ رَسُوْلِ اللهِ وَأَبِيْ بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيِّ بْنِ أَبِيْ طَالِبٍ هَا هُنَا بِالْكُوْفَةِ نَحْوًا مِنْ خَمْسِ سِنِيْنَ أَكَانُوْا يَقْنُتُوْنَ قَالَ أَيْ بُنَيَّ مُحْدَثٌ.

আবু মালেক আশজাঈ (রাঃ) বলেন, আমি আব্বাকে বললাম, আপনি তো রাসূল (ছাঃ), আবুবকর, ওমর ও ওছমান (রাঃ)-এর পিছনে ছালাত আদায় করেছেন। এমনকি কৃফাতে আলী (রাঃ)-এর পিছনে পাঁচ বছর ছালাত আদায় করেছেন। তারা কি কুনূত পড়তেন? তিনি বললেন, হে বৎস! এটা বিদ'আত।[7]

ফুটনোট

[1]. আবুদাউদ হা/১৪৪৩, ১/২০৪ পৃঃ; মিশকাত হা/১২৯০, পৃঃ ১১৪।



- [2]. আব্দুর রাযযাক ৩/১১০; দারাকুৎনী ২/৩৯; বায়হাকী, আস-সুনানুল কুবরা ২/২০১; আহমাদ হা/১২৬৭৯, ৩/১৬২।
- [3]. সিলসিলা যঈফাহ হা/৫৫৭৪; তানকীহ, পৃঃ ৪৪৯।
- [4]. দারাকুৎনী ২/৩৮; বায়হাকী, আস-সুনানুল কুবরা ২/২১৪।
- [6]. صاحب أشياء موضوعة وما لاأصل له তানকীহ, পৃঃ ৪৫১।
- [7]. তিরমিয়ী হা/৪০২; মিশকাত হা/১২৯২; বঙ্গানুবাদ মিশকাত হা/১২১৯, ৩/১৪৪ পৃঃ; ইরওয়াউল গালীল হা/৪৩৫, সনদ ছহীহ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1972

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন